# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 16-01-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতীদের চিকিৎসায় গাফিলতির অভিযোগে রাজ্য সরকার ঐ হাসপাতালের ১২ জন চিকিৎসককে সাসপেন্ড করেছে।

সাম্প্রতিক ঘটনার পরিপ্রেক্ষিতে বিভিন্ন মেডিকেল কলেজ থেকে ৫ জন চিকিৎসককে ঐ হাসপাতালে বদলি করা হয়েছে।

স্যালাইন বিতর্কের জেরে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ, মুখ্যসচিবের রিপোর্ট তলব করেছে।

২) উত্তর দিনাজপুরে গোয়ালপোখরে পুলিশের উপর গুলি চালিয়ে আসামীদের ফেরার হওয়ার ঘটনায় রাজ্য পুলিশ বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে।

৩) সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কথা আজ কেন্দ্র ঘোষণা করেছে।

৪) বাঘাযতীনে ফ্ল্যাট বাড়ি ভেঙে পড়ার ঘটনায় অভিযুক্ত প্রোমোটার সুভাষ রায়কে পুলিশ আজ গ্রেপ্তার করেছে।

৫) আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং ও চেন্নাইয়ান এফসির মধ্যে খেলা ২-২ গোলে অমীমাংশিত ভাবে শেষ হয়েছে।

---

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতীদের চিকিৎসায় গাফিলতির অভিযোগে রাজ্য সরকার, ঐ হাসপাতালের এমএসভিপি জয়ন্ত রাউত সহ ১২ জনকে সাসপেন্ড করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নবান্নে এক সাংবাদিক বৈঠকে একথা জানান। সাসপেন্ড হওয়া অন্যদের মধ্যে আছেন, প্রসূতী বিভাগের প্রধান মহম্মদ আলাউদ্দীন, ঐ বিভাগেরই দুই সিনিয়র চিকিৎসক – ডক্টর দিলীপ কুমার পাল ও হিমাদ্রী নায়েক, দায়িত্বপ্রাপ্ত আরএমও সৌমেন দাস, অ্যানাস্থেসিয়া বিভাগের আরএমও পল্লবী ব্যানার্জী, ৫ পিজিটি চিকিৎসক এবং একজন ইন্টার্ন।

এই ঘটনায় ক্ষোভ প্রকাশ করে মুখ্যমন্ত্রী এটিকে ক্ষমার অযোগ্য অপরাধ হিসাবে অভিহিত করেন। সিনিয়াররা সঠিকভাবে দায়িত্ব পালন করেন নি বলেও তাঁর দাবি। ঐ প্রসূতী মৃত্যুর ঘটনায় চিকিৎসায় গাফিলতির প্রমাণ মিলেছে বলেও মুখ্যমন্ত্রী জানান। স্বাস্থ্য দপ্তর গঠিত ১৩ সদস্যের কমিটি এবং সিআইডি তদন্তের প্রাথমিক রিপোর্টে এই গাফিলতির দিকেই ইঙ্গিত করা হয়েছে। অস্ত্রোপচারের সময় যে স্ট্যান্ডার্ড অপারেটিভ প্রসিডিওর মানতে হয়, তা মানা হয়নি বলে মুখ্য সচিব মনোজ পন্থ জানিয়েছেন। স্বাস্থ্য দপ্তরের এফআইএর-এর ভিত্তিতে সিআইডি ফৌজদারি মামলা শুরু করেছে বলে মুখ্যমন্ত্রী আজ উল্লেখ করেন।

বাইট

একইসঙ্গে রাজ্যের সমস্ত হাসপাতালে অপারেশন থিয়েটারের দরজা পর্যন্ত সিসিটিভি লাগানোরও নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। নিহত প্রসূতীর পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ এবং প্রয়োজনে চাকরী দেওয়ার কথাও ঘোষণা করেন তিনি।

-------------------

এদিকে, মেদিনীপুর মেডিকেল কলেজে সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে স্বাস্থ্য দপ্তর বিভিন্ন মেডিকেল কলেজ থেকে ৫ জন চিকিৎসককে ঐ হাসপাতালে বদলি করেছে। স্বাস্থ্য ভবনের জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসক অধ্যাপক ডক্টর দেবদত্ত ঘোষকে মেদিনীপুর মেডিকেলের স্ত্রী ও প্রসূতি বিভাগের প্রফেসর পদে স্থানান্তরিত করা হল। এছাড়া বর্ধমান মেডিক্যাল কলেজের ডাক্তার দেবদূত ব্যানার্জি, ওই কলেজেরই ডাক্তার তপন গঙ্গোপাধ্যায়, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের Sannyasi চরণ বর্মন কে-ও বদলি করা হয়েছে মেদিনীপুরে। সাগর দত্ত হাসপাতালের ENT বিভাগের অধ্যাপক চিকিৎসক ডাক্টার ইন্দ্রানীল সেনকে মেদিনীপুর মেডিক্যাল কলেজের MSVP হিসাবে নিয়োগ করা হয়েছে।

-------------------

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিম্নমানের স্যালাইন নিয়ে বিতর্কের জেরে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ মুখ্যসচিবের রিপোর্ট তলব করেছে। স্বাস্থ্য দপ্তরকেও এব্যাপারে আলাদা করে রিপোর্ট দিতে বলা হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে আজ স্যালাইন কান্ড নিয়ে জনস্বার্থ মামলার শুনানির সময় এই রিপোর্ট তলব করা হয়। অন্যতম মামলাকারী, আইনজীবী ফিরোজ এডুলজি জানিয়েছেন, ওই স্যালাইন প্রস্তুতকারক সংস্থার বিরুদ্ধে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে, সেব্যাপারেও কেন্দ্রীয় সরকারকে রিপোর্ট দিতে হবে।

-------------------

নিম্নমানের স্যালাইন প্রয়োগে মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে এক প্রসূতির মৃত্যুর অভিযোগের মধ্যেই কলকাতার SSKM হাসপাতালে অসুস্থ হয়ে ভর্তি থাকা আরেক প্রসূতি রেখা সাউ-এর নবজাতক সন্তানের আজ মৃত্যু হয়েছে। সদ্যোজাত শিশুপুত্রটি ভেন্টিলেশনে ছিল বলে জানা গেছে। সরকারী স্যালাইন দেওয়ার জন্যই এই শিশুর মৃত্যু হয়েছে, অভিযোগ তুলে, সিবিআই তদন্তের দাবি জানিয়েছে নবজাতকের পরিবার।

-------------------

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসাপাতালে সাম্প্রতিক ঘটনার পর তিলোত্তমা আন্দোলনের অন্যতম প্রধান মুখ জুনিয়ার চিকিৎসক ডাক্তার অস্ফাকুল্লা নাইয়ার কাকদ্বীপের বাড়িতে পুলিশের একটি দল গিয়ে খানা তল্লাশি চালায়। ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিলও তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে। বাড়িঘর তছনছ করা হয়েছে বলেও অভিযোগ। চিকিৎসক সমংগঠনগুলির যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স এই ঘটনার নিন্দা করেছে। সংগঠনের যুগ্ম আহ্বায়ক ডক্টর পূণ্যব্রত গুন ও ডাক্টার হীরালাল কোনার আজ এক বিবৃতিতে এই পুলিশি অত্যাচারের সমালোচনা করেন। পাশাপাশি মেডিকেল কাউন্সিলের এই ধরনের পদক্ষেপও নজিরবিহীন হিসাবে উল্লেখ করে বলেন, ঐ জুনিয়ার চিকিৎসকের বিরুদ্ধে কিছু বক্তব্য থাকলে মেডিকেল কাউন্সিল তাকে চিঠি দিয়ে জানাতে পারত, কিন্তু তা না করে তারা যে ধরনের আচরণ করেছে, তা প্রতিহিংসামূলক। ডাক্তারদের আর একটি সংগঠন ডক্টর্স সার্ভিস ফোরামও মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতী মৃত্যুর দায় মুখ্যমন্ত্রী জুনিয়ার চিকিৎসকদের ওপর চাপিয়ে দিচ্ছেন বলে অভিযোগ করেছে।

এসইউসিআই কমিউনিস্ট অস্ফাকুল্লা নাইয়ার বাড়িতে পুলিশ পাঠানোর ঘটনার তীব্র নিন্দা করেছে। দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্য আজ এক বিবৃতিতে বলেন, এই ধরনের ঘটনা নজিরবিহীন। চিকিৎসক মহলে ভয়ের বাতাবরণ তৈরি করতেই এই ধরনের পদক্ষেপ।

একইসঙ্গে তিনি ১২ জন চিকিৎসককে যেভাবে সাসাপেন্ড করা হল, তারও নিন্দা করেন। রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার দুর্নীতির দিক থেকে নজর ঘোরাতেই মুখ্যমন্ত্রীর এই পদক্ষেপ বলে তাঁর দাবি।

আর জি করের নির্যাতিতার বাবা মা-ও আস্ফাকুল্লা নাইয়ার বাড়িতে পুলিশি তল্লাশির সমালোচনা করেছেন। তাঁদের দাবি, আর জি কর আন্দোলনে নেতৃত্ব দেওয়ার জন্যই তাঁর বিরুদ্ধে এধরনের ব্যবস্থা। ১২ জন চিকিৎসককে সাসপেন্ড করারও নিন্দা করেন তারা।

বাইট

-------------------

উত্তর দিনাজপুররে গোয়ালপোখরে পুলিশের উপর গুলি চালিয়ে আসামিদের ফেরার হওয়ার প্রেক্ষিতে রাজ্য পুলিশ বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে। আসামীদের আদালত থেকে জেল এবং জেল থেকে আদালতে নিয়ে যাতায়াতের ক্ষেত্রে পুলিশ কর্মীদের কড়া নিয়ম মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। প্রিজন ভ্যানে তোলার সময়ে তাদের ভালো করে পরীক্ষা করতে হবে।এই মর্মে রাজ্য পুলিসের পক্ষ থেকে জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এই ঘটনায় তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, ভবিষ্যতে পুলিশের ওপর এধরনের হামলা চালানো হলে, তারাও ছেড়ে কথা বলবেন না। কিভাবে এঅই ধরনের পরিস্থিতি মোকাবিলা করতে হয়, সে ব্যাপারে তারা সবরকমভানে প্রস্তুত বলেও তিনি স্পষ্ট জানান। তিনি আজ পাঞ্জিপাড়ায় ঘটনাস্থল পরিদর্শন করেন।

অন্যদিকে পুলিশের উপর গুলি চালনার ঘটনায় অভিযুক্তদের ধরিয়ে দিতে পুরস্কার ঘোষণা করা হয়েছে। মূল অভিযুক্ত সাজ্জাক আলমের খোঁজ দিতে পারলে দেওয়া হবে ২ লক্ষ টাকার পুরস্কার।

এদিকে ঐ দুই পুলিশ কর্মী এখনও হাসপাতালে চিকিৎসাধীন। পলাতক আসামীর খোঁজে চলেছে চিরুণী তল্লাশি।

-------------------

রাজ্যে আইন শৃঙ্খলার চরম অবনতি র অভিযোগে কংগ্রেস আজ রাজ্য পুলিশের সদর দপ্তর ভবানী ভবনের সামনে বিক্ষোভ দেখায়। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির ডাকে ,সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে ওই বিক্ষোভ কর্মসূচিতে প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী,আবু নাসির সহ প্রদেশ কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা ঐ বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রদীপ প্রসাদ বলেন , রাজনৈতিক নেতা- কর্মী খুন,পুলিশের ওপর গুলি চালানোর মতো যে ধরনের ঘটনা ঘতছে, তাতে রাজ্যে জঙ্গল রাজ কায়েম হয়েছে। রাজ্যে চূড়ান্ত আইন শৃঙ্খলার অবনতির জন্য রাজ্যের পুলিশ মন্ত্রীর পদত্যাগের দাবি করেন প্রদীপ প্রসাদ।

-------------------

কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কথা আজ ঘোষণা করেছে কেন্দ্র। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো নতুন দিল্লীতে এই জানিয়ে বলেন, খুব শীঘ্রই কমিশনের চেয়ারম্যান এবং দুই সদস্যের নাম ঘোষণা করা হবে। তিনি আরও বলেন, সপ্তম পে কমিশনের মেয়াদ শেষ হচ্ছে ২০২৬-এ। এর ফলে অষ্টম পে কমিশন গঠনের ক্ষেত্রে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়ার যথেষ্ট সময় রয়েছে।

বাইট

-------------------

দক্ষিণ কলকাতার বাঘাযতীনে ফ্ল্যাট বাড়ি ভেঙে পড়ার ঘটনায় অভিযুক্ত প্রোমোটার সুভাষ রায়কে পুলিশ আজ গ্রেপ্তার করেছে। বকখালির একটি রিসর্ট থেকে তাকে ধরা হয়। ঐ ঘটনার পর থেকেই ততিনি পলাতক ছিলেন। মোবাইল ফোনের টাওয়ার ট্র্যাক করে কলকাতা পুলিশ তার হদিশ পায়। ফ্রেজারগঞ্জ থানার পুলিশ তাকে গ্রেপ্তার করে শারীরিক পরীক্ষার জন্য পাঠিয়েছে। আজই তাকে কলকাতা পুলিশের হাতে তুলে দেওয়া হবে।

এদিকে হেলে পড়া ফ্ল্যাট বাড়ি ভেঙে ফেলার কাজ আজও চলেছে। পুর মন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম আজ ঘটনাস্থলে যান। সরকার, ফ্ল্যাটের বাসিন্দাদের সবরকমভাবে সহযোগিতা করবে বলে তিনি আশ্বাস দিয়েছেন।

-------------------

ন্যাশান্যাল মেডিকেল কলেজে আজ বিকেল ৫-১৫ নাগাদ অর্থোপেডিক বিভাগের ওটি তে আগুন লাগে। হাসপাতার সূত্রে জানাযায়, অপারেশন চলাকালীন, ওটির

ষ্টেবিলাইজার থেকে ধোয়া বেরোতে দেখা যায়। হাসপাতাল কর্মীরা অগ্নি নির্বাপক যন্ত্র দিয়ে আগুন নিভিয়ে ফেলে। হতাহতের খবর নেই।

-------------------

বেশ কিছু কর্মসূচী নিয়ে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের প্রধান মোহন ভাগবত দশ দিনের সফরে রাজ্যে আসছেন। আগামী সাতই ফেব্রুয়ারি তিনি কলকাতায় এসে পাঁচদিন বিভিন্ন কর্মসূচীতে অংশ নেবেন। পরের পাঁচদিন তিনি বর্ধমানে থাকবেন বলে জানা গিয়েছে।

এদিকে, ২২ জানুয়ারি প্রকৃত স্বাধীনতা দিবস বলে মোহন ভাগবত যে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, তার কঠোর সমালোচনা করেছেন। সংঘ চালকের ঐ মন্তব্য দেশ বিরোধী বলে তাঁর দাবি। নবান্নে আজ এবিষয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, এধরনের মন্তব্য করে দেশের ইতিহাস ভুলিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে।

-------------------

আইএসএল ফুটবলে আজ সন্ধ্যায় যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে মহামেডান স্পোর্টিং ও চেন্নাইয়িন এফসির মধ্যে খেলা ২-২ গোলে অমীমাংসিত ভাবে শেষ হয়েছে।

প্রথমার্ধে চেন্নাইয়িন ১-০ গোলে এগিয়ে ছিলো। মহামেডানের হয়ে মনভীর সিং ও লালরেমসাঙ্গা ফানাই গোল করেন। চেন্নাইয়িনের হয়ে পি সি লালদিনপুইয়া ও এল পি ব্রামবিলা গোল করেন। খেলার একেবারে শেষ লগ্নে লালদিনপুইয়া লাল কার্ড দেখেন।

এই ম্যাচ ড্র হওয়ার পর ১৬ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় দ্বাদশ স্থানেই রইলো মহামেডান।সমসংখ্যক ম্যাচ খেলে ১৭ পয়েন্ট নিয়ে লিগতালিকায় দশম স্থানেই রইলো চেন্নাইয়িন।

------------------- -------------------